



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১১৬৬

তারিখঃ ০৩/১২/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫০১ তম কমিশন সভা অদ্য ০৩/১২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতি (Unrealized Loss) এর বিপরীতে প্রভিশন সংরক্ষণ বিষয়ে ইতোপূর্বে ঘোষিত সময়সীমা আরও ১ বৎসর অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। একইসাথে ২০১৩ সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হবে।
২. ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর নিম্নলিখিত স্টক ব্রোকারদের Short Selling (কমিশনের নিজস্ব সার্ভেইল্যান্স সফটওয়্যার “InstantWatch” এর মাধ্যমে সনাক্ত) এর জন্য প্রত্যেককে প্রতিবারের জন্য ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা করা হয় :
 - a. DMR Securities Services Limited (DSE Member No. 14) গত ১৪ মে ২০১৩ ইং তারিখে প্রাইম টেক্সটাইল লিঃ এর ৪০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) ভঙ্গ করার জন্য;
 - b. DMR Securities Services Limited (DSE Member No. 14) গত ১৪ মে ২০১৩ ইং তারিখে সোনারগাঁও টেক্সটাইল লিঃ এর ২০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) ভঙ্গ করার জন্য;
 - c. DMR Securities Services Limited (DSE Member No. 14) গত ১৪ মে ২০১৩ ইং তারিখে অগ্নি সিস্টেম লিঃ এর ৫০০ এবং দেশবন্ধু এর ২০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) ভঙ্গ করার জন্য;
 - d. Tamha Securities Limited (DSE Member No. 81) গত ১২ মে ২০১৩ ইং তারিখে শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ এর ১০,০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) ভঙ্গ করার জন্য;
 - e. Pioneer Shares & Securities Limited (CSE Member No. 34) গত ২২ মে ২০১৩ ইং তারিখে ফ্যাস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ এর ২৫০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Regulations 4(1) ভঙ্গ করার জন্য।
৩. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর স্টক ব্রোকার/ডিলার Azam Securities Ltd. (DSE Member No. 19) -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য ৭ (সাত) লক্ষ টাকা জরিমানা করা হয় :
 - ক) ঋণ চুক্তি ব্যতিরেকে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1) লংঘন;
 - খ) পরিচালকগণ কর্তৃক ঋণ সুবিধা গ্রহণ করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন; এবং
 - গ) “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন।
৪. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর স্টক ব্রোকার/ডিলার Be Rich Limited (CSE Member No. 27) -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য ১ (এক) লক্ষ টাকা জরিমানা করা হয় :
 - ক) Securities and Exchange Rules, 1987 এর Rule 8 A (1) লংঘন; এবং
 - খ) ৫.০০ লক্ষ টাকার উপরে নগদ অর্থ গ্রহণ করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1) (cc) (i) লংঘন।
৫. Delta Spinners Ltd. (Issuer) এর ৩০শে জুন ২০০৭ থেকে ২০১২ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে সঠিক তথ্য প্রতিফলিত না হওয়ার মাধ্যমে BAS-16, Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করার জন্য Delta Spinners Ltd. -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করা হয়।



ফরহাদ আহমেদ
নির্বাহী পরিচালক